**পরীক্ষা বিভাগ**
EXAMINATION DIVISION

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**
BANGLADESH OPEN UNIVERSITY

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/৬৩৫৭

তারিখ ঃ ২৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

**বিষয়ঃ বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এর পরীক্ষার্থীদের ছবিযুক্ত প্রবেশপত্র ব্যবহার ও প্রিন্টকরণ প্রসঙ্গে।**

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ আগামী **২১/০৮/২০২৬খ্রিঃ** তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীদের **ছবিযুক্ত প্রবেশপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।** ছবিযুক্ত প্রবেশপত্র **আগামী ১৪/০৮/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ টার পর থেকে** শিক্ষার্থীদের প্যানেলে (osapsnew.bou.ac.bd) দেয়া হবে। শিক্ষার্থীকে osapsnew.bou.ac.bd-**তে প্রবেশ করে** User ID **এবং** Password **দিয়ে** Login **করে** Admit Card download **করে প্রিন্ট করতে হবে।**

প্রবেশপত্রে কোন প্রকার ভুল ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা শুরুর পূর্বেই সংশ্লিষ্ট স্টাডি সেন্টার/উপ-আঞ্চলিক কেন্দ্র/আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সংশোধন করে নিতে হবে।

২। শিক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহ বিশেষভাবে অনুসরণ করতে হবে:

(ক) পরীক্ষার্থীগণ প্রবেশপত্রে উল্লিখিত বিষয়কোড ও শিরোনাম ব্যতিত অন্য কোন বিষয় কোড ও শিরোনামের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

(খ) পরীক্ষার্থীকে অবশ্যই প্রিন্টকৃত ছবিযুক্ত প্রবেশপত্র এবং মূল শিক্ষার্থী কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

(গ) প্রবেশপত্রে ৭ ডিজিটের রোল নম্বর দেয়া হয়েছে তবে রোল নম্বর উত্তরপত্র এবং OMR শীটে লেখার প্রয়োজন নাই।

এমতাবস্থায়, বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী এবং শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদসহ
১৩/০৮/২০২৬
মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ... ৯২৬২
তারিখঃ ... ১৩/৮/২৬
/ASANA
/HME
/AHME

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে :**

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি **(পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।**
৪. আইসিটি কনসালটেন্ট, বাউবি।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এর পরীক্ষা কেন্দ্র(সকল), বাউবি।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/প্রশাসনিক কর্মকর্তা (পরীক্ষা), আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
১১. সংরক্ষণ নথি।

BA/BSS Letter-2026